

# পদত্যাগ করেছেন রাকসুর প্রধান নির্বাচন কমিশনার

রাবি প্রতিনিধি



অধ্যাপক আমজাদ হোসেন

রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্রসংসদ (রাকসু), হল সংসদ ও সিনেট ছাত্র প্রতিনিধি নির্বাচনের প্রধান কমিশনার অধ্যাপক আমজাদ হোসেন পদত্যাগ করেছেন। আজ শনিবার (২৩ আগস্ট) বিকেলে তিনি নিজেই বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি বলেন, ‘২০ তারিখের পর থেকেই দায়িত্বে নেই আমি। পিএসসি থেকে প্রজ্ঞাপনের পরই তারা আমায় বলেছে রাকসুকেন্দ্রিক কাজকর্ম না করতে।

এখন রাকসুর বিষয়ে আমি কোনো কথা বলতে পারছি না।’

এ বিষয়ে জানতে চাইলে উপাচার্য অধ্যাপক সালেহ নকীব বলেন, ‘আমরা আজ সন্ধ্যায় নির্বাচন কমিশনের সদস্যদের নিয়ে

আলোচনা করব। আলোচনা করে নিয়মের মধ্যে কি করা যায় তা  
সিদ্ধান্ত নেওয়া হবে।’

এর আগে গত ২০ আগস্ট অধ্যাপক আমজাদ বাংলাদেশ সরকারি  
কর্ম কমিশনের (পিএসসি) সদস্য হিসেবে নিয়োগ পান।